



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

www.nstda.gov.bd

নম্বর: ০৩.১৪.২৬৯২.০০০.৮৭৮.১৮.০০০১.২১.৭২

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

সভার নোটিশ

বিষয়: বছরে ন্যূনতম ১০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ও সনদ প্রদান ব্যর্থ হওয়ায় এসটিপি নিবন্ধন বাতিলকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এর নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রদান প্রতিষ্ঠানসমূহে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন-২০১৯ (সংশোধিত ২০২৪) অনুযায়ী কোন এসটিপি "প্রতি বছরে ন্যূনতম ১০০ (একশত) প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ও সনদ প্রদান করতে সক্ষম না হলে" সে এসটিপি-এর নিবন্ধন শর্ত সাপেক্ষে বাতিল করা যাবে। এই পরিপ্রেক্ষিতে গত ২০ জানুয়ারি, ২০২৬ তারিখে ০৩.১৪.২৬৯২.০০০.৮৭৮.১৮.০০০১.২১.১৫ স্মারকে ৭৮৩টি এসটিপি'কে (কপি সংযুক্ত) বছরে ন্যূনতম ১০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ও সনদ প্রদান করতে ব্যর্থ হয়েছে তাদের ব্যাখ্যা প্রদান করার জন্য নোটিশ প্রদান করা হয়।

০২। এমতাবস্থায়, বর্ণিত ৭৮৩টি এসটিপি'কে আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন-২০১৯ (সংশোধিত-২০২৪)-এর ৮.৬(ঙ) অনুচ্ছেদ অনুযায়ী ন্যূনতম ১০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ও সনদ প্রদান করার ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত নির্দেশ পালনে ব্যর্থ হলে এনএসডিএ বিধি মোতাবেক চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সতর্ক করা হলো।

সংযুক্তি:

(১) সংযুক্তি

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১৩-০৫-২০২৬

মু. ফরহাদ হুসাইন

সহকারী পরিচালক, প্রতিষ্ঠান নিবন্ধন

জনাব

সংশ্লিষ্ট এসটিপি প্রধান/অধ্যক্ষ/মালিক।।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (নিবন্ধন ও সনদায়ন) , নিবন্ধন ও সনদায়ন, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

২। সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।।

৩। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

